



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com



বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর সূচক ১.১ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ তোজাম্মেল হক, উপ-পরিচালক (কৃষি), বাপার্ড।  
সভার তারিখ ও সময় : ১১-০৮-২০২১ খ্রি:, বেলা: ১১:০০ ঘটিকা  
সভার স্থান : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর ৫ম তলাস্থ সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা নিম্নরূপ:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম            | পদবি,কর্মস্থল                          | স্বাক্ষর   |
|---------|---------------------------|--|------------|
| ১.      | মোঃ আব্দুল গনি মিনা       | উপ-পরিচালক (প্র: ও অঃ), বাপার্ড        | স্বাক্ষরিত |
| ২.      | মোঃ মোর্শেদ হাসান মোস্তফা | উপ-পরিচালক (প্রাণিসম্পদ), বাপার্ড      | স্বাক্ষরিত |
| ৩.      | শেখ নাইমুর রহমান          | সহকারী পরিচালক (প্রশিক্ষণ), বাপার্ড    | স্বাক্ষরিত |
| ৪.      | মোঃ রাফিউল ইসলাম          | সহকারী পরিচালক (প্রাণিসম্পদ), বাপার্ড  | স্বাক্ষরিত |
| ৫.      | মাহামুদুল হাসান           | সহকারী পরিচালক (আইটি,অ:দা:), বাপার্ড   | স্বাক্ষরিত |
| ৬.      | মোঃ আজিম উদ্দিন           | কারিগরি প্রশিক্ষক (কম্পিউটার), বাপার্ড | স্বাক্ষরিত |


০২। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বাপার্ড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি অত:পর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়ে উপস্থাপন করার জন্য অনুমতি প্রদান করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, একাডেমির অন্যতম একটি গুরুত্বপূর্ণ সেবা প্রদানের প্রতিশ্রুতি হলো সিটিজেনস চার্টার যার মাধ্যমে সুফলভোগীরা তার কাজিত সেবাটি লাভের বিষয়ে সম্যক ধারণা নিয়ে সহজেই নির্ধারিত সেবাটি পেতে পারেন। তিনি আরো বলেন যে, নাগরিক ও সুফলভোগীদের সুবিধার্থে একাডেমির সম্মুখভাগে এবং একাডেমিক ভবনের নিচতলায় দৃশ্যমান স্থানে বাধাই করে সিটিজেনস চার্টারটি প্রতিস্থাপন করা আবশ্যিক। তিনি সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানের কৃষি,মৎস্য,প্রাণিসম্পদ,প্রশিক্ষণ, প্রশাসন বিভাগের নির্ধারিত কাজের পরিধি বৃদ্ধি করে সিটিজেনস চার্টার অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা,২০২১-২০২২ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সকল সদস্য তাদের মতামত প্রদান করেন। উক্ত মতামতের প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩। সিদ্ধান্তসমূহঃ

(৩.১) নাগরিক ও সুফলভোগীদের সুবিধার্থে একাডেমির সম্মুখভাগে এবং একাডেমিক ভবনের নিচতলায় দৃশ্যমান স্থানে বাধাই করে সিটিজেনস চার্টারটি প্রতিস্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়;

(৩.২) প্রতিষ্ঠানের কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ, প্রশিক্ষণ, প্রশাসন বিভাগের নির্ধারিত কাজের পরিধি বৃদ্ধি করে সিটিজেনস চার্টার অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোহাম্মদ তোজাম্মেল হক)

উপ-পরিচালক (কৃষি)

তারিখঃ ১১/০৮/২০২১ খ্রি:।

স্মারক নং ৪৭.৬৯.৩৫৫১.৩০০.৪০.০১৬.২১- ০২(২)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি), বাপার্ড;

০২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি/প্রাণিসম্পদ), বাপার্ড;

০৩। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ/আইটি/কৃষি/প্রাণিসম্পদ)/ লাইব্রেরিয়ান, বাপার্ড;

০৪। মহাপরিচালক মহোদয়ের পিএ, বাপার্ড।



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com




স্মারক নং ৪৭.৬৯.৩৫৫১.৩০০.৪০.০১৬.২১- ০২ (৩)

তারিখঃ ১০/০৮/২০২১ খ্রিঃ।

### সভার নোটিশ

আগামী ১১.০৮.২০২১ খ্রি: তারিখ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর সূচক ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা একাডেমিক ভবনের ৫ম তলাস্থ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। বাপার্ডের উপ-পরিচালক (কৃষি) সভায় সভাপতিত্ব করবেন।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

  
১০.০৮.২০২১

(মাহামুদুল হাসান)

সহকারী পরিচালক (আইটি, অঃদাঃ) ও

বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটি

#### বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি), বাপার্ড।
- ২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি/প্রাণিসম্পদ), বাপার্ড।
- ৩। সহকারী পরিচালক (প্রশিক্ষণ/আইটি/কৃষি/প্রাণিসম্পদ)/লাইব্রেরিয়ান, বাপার্ড
- ৪। কারিগরি প্রশিক্ষক (কম্পিউটার), বাপার্ড [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৫। মহা-পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাপার্ড।